গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
www.ozonecellbd.com

## ফটোকপিয়ার ক্রয়ের লক্ষ্যে কোটেশন আহ্বান সংক্রান্ত তফসিল

নং- পরিবেশ/ওডিএস (ODS (P-X) -AP)/১৭১/২০২৪/৪০ তারিখঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ

.............................
.............................
.............................
.............................

১। জাতীয় প্রকল্প পরিচালক, "Renewal of the Institutional Strengthening for the Phase-out of ODS (Phase-X)"-শীর্ষক প্রকল্প, পরিবেশ অধিদপ্তর, ঢাকা–এর অনুকুলে প্রকল্পের তহবিল বরাদ্দ করা হয়েছে এবং এই প্রকল্পের তহবিল থেকে বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত Specifications-অনুযায়ী দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩। কোটেশন দলিল ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬। সিলমোহরকৃত খাম, সরাসরি অথবা ডাক যোগের মাধ্যমে আগামী ০৭/০৩/২০২৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকার পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে " ফটোকপিয়ার ক্রয়ের লক্ষ্যে " Specifications- অনুযায়ী কোটেশন এবং ০৭/০৩/২০২৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকার আগে খোলা যাবে না' লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭। সরাসরি অথবা ডাকযোগের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৭ (সাত) কার্যদিবস পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফি, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ কার্য দিবসের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সম্পন্ন করতে হবে।

১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৫ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৭/০২/২৪

(মো: মহিউদ্দিন মানিক)
উপ-পরিচালক (সমন্বয়)
ও
জাতীয় প্রকল্প পরিচালক

বিতরণ:

১। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়
২। পরিবেশ অধিদপ্তর/ওজোন সেলের ওয়েবসাইট
৩। অফিস কপি

# ফটোকপিয়ার ক্রয়ের লক্ষ্যে কোটেশন আহ্বান সংক্রান্ত তফসিল

নং- পরিবেশ/ওডিএস (ODS (P-X) -AP)/১৭১/২০২৪/৪০ তারিখঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ

| ক্রঃ নঃ | আইটেমের | আইটেমের বিবরণ | পরিমাণের একক | পরিমাণ | একক দর/মূল্য অংকে | একক দর/মূল্য কথায় | সর্বমোট মূল্য অংকে (কথায়) | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | ফটোকপিয়ার | Brand Name: Any Brand<br>Type:B & W Photocopier<br>Functions:Copy, Print Scan, Fax<br>First Page Copy Speed:3.6sec<br>Print Paper Size:A5-R to A3<br>Copy Speed:25 CPM (A4 paper)<br>Copy resolution:600 x 600dpi<br>Scan Data Format:JPEG, Multi/Single Page TIFF/XPS/PDF, Secure PDF, Slim PDF, Searchable PDF2) (and other formats like DOCX, XLSX, RTF, TXT, PDF/A)2)<br>Fax Features:Up to 33.6 Kbps<br>Document Feeder:DSDF Feed: 300 sheets 35-209gsm, RADF 100 sheets, Simplex: 35-157gsm, Duplex 50-157gsm<br>Interface (Built-in):USB, LAN<br>Interface:WiFi, Bluetooth<br>Memory:4GB (minimum)<br>ADU:Built in, RADF built in<br>Others:Warm-up Time: 14 Sec,<br>Electrical:220 – 240 Volt, 50 Hz<br>Warranty: Two years | সংখ্যা | ০১ | | | | জাতীয় প্রকল্প পরিচালক, "Renewal of the Institutional Strengthening for the Phase-out of ODS (Phase-X)"-শীর্ষক প্রকল্প, ওজোন সেল, রুম নং-৫০৫ (পুরাতন ভবন), ই/১৬,পরিবেশ অধিদপ্তর, আগরগাঁও, ঢাকা-১২০৭ |
| | | | | | | সর্বমোট = | | |

| | |
|---|---|
| **পত্র প্রেরণের ঠিকানা** | জাতীয় প্রকল্প পরিচালক<br>"Renewal of the Institutional Strengthening for the Phase-out of ODS (Phase-X)"-শীর্ষক প্রকল্প, ওজোন সেল, রুম নং-৫০৫ (পুরাতন ভবন), ই/১৬,পরিবেশ অধিদপ্তর, আগরগাঁও, ঢাকা-১২০৭ |
| **মোট মূল্য অংকে (কথায়)** | |
| **প্রস্তাবিত সরবরাহ** | ক্রয় আদেশ জারির তারিখ থেকে |

আমি / আমাদের দ্বারা এই মূল্যর তফসীলে (----)টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।

আমার/ আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ (কোটেশনের বৈধতার তারিখ লিখুন)

| | |
|---|---|
| সীলসহ কোটেশনদাতার স্বাক্ষরঃ | তারিখঃ |
| কোটেশনদাতার নামঃ | |

টীকাঃ

১। কলাম ১,২,৩,৪,৫ ও ৯ ক্রয়কারী পূরণ কররে এবং ৬,৭ ও ৮ কোটেশন দাতা পূরণ করবে।

২। যদি চুক্তি মোতাবেক সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিরহণ ব্যয়, বীমা ব্যয় ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড ব্যয়, সবধরণের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।